



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : ০২২২৩৩৮৬৯৩১, ৯৫৬০০২১-২৫, ৯৫৬০০৩১-৩৫

e-mail : dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০২২-২৩/৪৩৯

তারিখ : ০৫.১২.২০২২

- ০১। মহাব্যবস্থাপক
লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা
- ০২। উপমহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ
- ০৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ অ-ব্যাংকিং সম্পদ (Non-Banking Asset) এর হিসাবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ঋণ আদায় বিভাগের পত্র নং- প্রকা/আদায়-১(৫৯)/২০২১-২০২২/২৭১ তারিখ-০৬.১০.২০২১ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর বিআরপিডি সার্কুলার নং-২২ তারিখ ২০.০৯.২০২১ এবং এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের পত্র নং- প্রকা/ইইডি-১৪(১)অংশ-৩/২০২২-২০২৩/১৩৬ তারিখ-২২.০৮.২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। পত্রসমূহে বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংকের Non-Banking Asset (NBA) হিসাবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত হিসাবায়ন প্রক্রিয়া অবলম্বন করতে হবেঃ

২. সম্পদের বাজার মূল্য নিরূপণ

ব্যাংকের কমিটি এবং ভ্যালুয়ার ফার্ম/পেশাজীবী প্রতিষ্ঠান কর্তৃক নির্ণীত মূল্য-এ দু'টি মূল্যের মধ্যে যেটি কম সেটিকে সম্পদের বাজার মূল্য হিসেবে বিবেচনা করতে হবে। উল্লেখ্য, সম্পদের বাজার মূল্য নিরূপণকালে টিন/সেমি পাকা দালান, ব্যবহার অযোগ্য স্থাপনা ও মেশিনারি যতদূর সম্ভব স্বল্পতম সময়ের মধ্যে বিক্রয় করে ঋণের বিপরীতে জমা করতে হবে। কোনভাবেই এরূপ সম্পদকে Non-Banking Asset হিসাবে অন্তর্ভুক্ত করা যাবে না। তবে যে জমি/ভূমির উপর টিন/সেমি পাকা দালান, ব্যবহার/বিক্রয় অযোগ্য স্থাপনা ও মেশিনারি থাকবে সে জমি/ভূমির নিরূপিত বাজার মূল্য হতে উক্ত স্থাপনা/মেশিনারি অপসারণ করার ব্যয় বাদ দিয়ে জমি/ভূমির বাজার মূল্য নির্ধারণ করতে হবে। উক্ত বিক্রয়লব্ধ অর্থ (যদি থাকে) নিম্নোক্তভাবে হিসাবায়ন করতে হবেঃ

Cash	Dr
Loan Account	Cr

৩. ঋণ সমন্বয়ের মাধ্যমে Non-Banking Asset- কে ব্যাংকের হিসাবে অন্তর্ভুক্তকরণ

৩.১ ঋণের মোট স্থিতি নিরূপণঃ Non-Banking Asset-এর দ্বারা ঋণগ্রহীতার ঋণ সমন্বয়ের পূর্বে ঋণগ্রহীতার নিকট হতে ব্যাংকের মোট পাওনা (অনারোপিত সুদসহ সকল পাওনা) নিরূপণপূর্বক ঋণ হিসাবে আরোপ (আদালতে ভিন্নরূপ নির্দেশনা না থাকলে) করে ঋণের মোট স্থিতি নিরূপণ করতে হবে। এক্ষেত্রে অনারোপিত সুদকে অবশ্যই Interest Suspense Account(52) খাতে স্থানান্তর করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

1. Loan Account	Dr
Interest Suspense Account-52	Cr

২. সুদ ছাড়া অন্যান্য পাওনা থাকলে একইভাবে ঋণ হিসাবকে ডেবিট করতে হবে।

৩.২ সম্পদের বাজার মূল্য ঋণের মোট স্থিতির সমান বা বেশি হলেঃ ঋণ স্থিতির সমপরিমাণ অর্থ দ্বারা সংশ্লিষ্ট Non-Banking Asset-কে ডেবিট করে ঋণের স্থিতি সমন্বয় করতে হবে। এক্ষেত্রে সম্পদের বাজার মূল্য ঋণ স্থিতির তুলনায় বেশি হলেও ঋণ সমন্বয়ের পর অবশিষ্ট অর্থ হিসাবায়নের অন্তর্ভুক্ত হবে না। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2)	Dr
Loan Account	Cr

[বাজার মূল্য বেশি হলেও ঋণ স্থিতির সমপরিমাণ অর্থ লিপিবদ্ধ হবে]

- ৩.৩ সম্পদের বাজার মূল্য ঋণের মোট জিতির তুলনায় কম হলেঃ সংশ্লিষ্ট সম্পদের বাজার মূল্যের সমপরিমাণ অর্থ দ্বারা Non Banking Asset-কে ডেবিট করে সমপরিমাণ ঋণের স্থিতি সমন্বয় করতে হবে। সম্পদের বাজার মূল্য ঋণের মোট জিতির তুলনায় কম বিধায় ঋণের সম্পূর্ণ অংশ সমন্বিত হবে না। এক্ষেত্রে অসমন্বিত ঋণের সমপরিমাণ অর্থ ব্যাংকের ঋণ হিসাবে প্রদর্শন করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2) Dr
Loan Account Cr
[বাজার মূল্যের সমপরিমাণ অর্থ লিপিবদ্ধ হবে]

- ৩.৪ ঋণের বিপরীতে রক্ষিত Interest Suspense Account এবং Specific Provision সমন্বয়করণঃ Non-Banking Asset হিসাবভুক্ত করার সময় সংশ্লিষ্ট ঋণের বিপরীতে Interest Suspense Account(52) এবং Specific Provision(44/1)-এ রক্ষিত অর্থ আয়খাতে স্থানান্তর করা যাবে না। ঋণ সম্পূর্ণরূপে সমন্বয় হলে (৩.২ দ্রষ্টব্য) উক্ত Interest Suspense Account(52)-এ রক্ষিত অর্থ Interest Suspense against NBA(55) হিসাবে এবং Specific Provision(44/1)-কে Specific Provision against NBA(44/8) হিসাবে স্থানান্তর করতে হবে। তবে কোন ঋণ অসমন্বিত থাকলে (৩.৩ দ্রষ্টব্য) ঋণ স্থিতির অসমন্বিত অংশের সমপরিমাণ অর্থ Interest Suspense Account(52) অথবা/এবং Specific Provision(44/1) খাতে রেখে দিতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

1. Interest Suspense Account-52 Dr
Interest Suspense against NBA-55 Cr
2. Specific Provision for CL-44/1 Dr [কেঃহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]
Specific Provision against NBA-44/8 Cr [কেঃহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]

[শাখার সিএল এবং ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ হতে সংশ্লিষ্ট ঋণের বিপরীতে Specific Provision নিশ্চিত হয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রভিশন স্থানান্তরের জন্য পত্র প্রেরণ করতে হবে]

৪. অবলোপনকৃত ঋণের বিপরীতে Non-Banking Asset-কে ব্যাংকের জিতিপত্রে অন্তর্ভুক্তকরণ

অবলোপনকৃত ঋণের বিপরীতে প্রাপ্ত Non-Banking Asset দ্বারা অবলোপনকৃত ঋণগ্রহীতার ঋণ সমন্বয়ের পূর্বে ঋণগ্রহীতার নিকট হতে অনারোপিত সুদসহ সকল পাওনা অন্তর্ভুক্ত করে (আদালতে ভিন্নরূপ নির্দেশনা না থাকলে) ব্যাংকের মোট পাওনা নিরূপণ করতে হবে। এক্ষেত্রে যেহেতু অবলোপনকৃত ঋণটি ব্যাংকের ঋণ খতিয়ান থেকে ইতোপূর্বেই বাদ দিয়ে অবলোপন রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ১২১১ (Written of Loan as Per Contra) ও ৬১১ (Written of Loan as Per Contra) খাতসমূহে কন্ট্রা পোস্টিং দেয়া হয়েছে, সেহেতু নতুন করে কোন পাওনা থাকলে তা উক্ত রেজিস্টারে ঋণের সাথে যোগ করতে হবে। একই সাথে উক্ত নতুনভাবে যোগকৃত পাওনার অর্থ নিম্নোক্তভাবে পূর্বের ন্যায় কন্ট্রায় অন্তর্ভুক্ত করতে হবেঃ

Written off Loan as Per Contra-1211 Dr
Written off Loan as Per Contra- 611 Cr

- ৪.১ সম্পদের মূল্য অবলোপনকৃত ঋণের বিপরীতে নির্ণীত মোট পাওনার সমান বা বেশি হলেঃ ব্যাংকের মোট পাওনার সমপরিমাণ অর্থ দ্বারা সংশ্লিষ্ট Non-Banking Asset-কে ডেবিট করে সমপরিমাণ অর্থ Specific Provision against NBA(44/8) হিসাবে ক্রেডিট করতে হবে। অবলোপন রেজিস্টারে সংশ্লিষ্ট ঋণ হতে উক্ত ঋণ বাদ দিতে হবে এবং সমপরিমাণ অর্থ দ্বারা কন্ট্রা রিভার্স করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

1. Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2) Dr
Specific Provision against NBA-44/8 Cr [কেঃহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]

[শাখার সিএল এবং ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ হতে সংশ্লিষ্ট ঋণের বিপরীতে Specific Provision নিশ্চিত হয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রভিশন সংরক্ষণের জন্য এ্যাডভাইস প্রেরণ করতে হবে]

2. Written off Loan as Per Contra-611 Dr
Written off Loan as Per Contra-1211 Cr
[NBA এর সমপরিমাণ টাকা রিভার্স করতে হবে]

- ৪.২ সম্পদের মূল্য অবলোপনকৃত ঋণের বিপরীতে নির্ণীত মোট পাওনার তুলনায় কম হলেঃ সংশ্লিষ্ট সম্পদের বাজার মূল্যের সমপরিমাণ অর্থ দ্বারা Non-Banking Asset-কে ডেবিট করে সমপরিমাণ অর্থ Specific Provision against NBA হিসাবে ক্রেডিট করতে হবে। অবলোপন রেজিস্টারে সংশ্লিষ্ট ঋণ হতে উক্ত সমপরিমাণ অর্থ বাদ দিতে হবে এবং সমপরিমাণ অর্থ দ্বারা কন্ট্রা রিভার্স করতে হবে। উল্লেখ্য এক্ষেত্রে সম্পূর্ণ পাওনা আদায় হয়না বিধায় অবলোপন রেজিস্টারে ঋণের অবশিষ্ট অংশ থেকে যাবে। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

1. Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2) Dr
Specific Provision against NBA-44/8 Cr [কেঃহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]

[শাখার সিএল এবং ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ হতে সংশ্লিষ্ট ঋণের বিপরীতে Specific Provision নিশ্চিত হয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রভিশন সংরক্ষণের জন্য এ্যাডভাইস প্রেরণ করতে হবে]

2. Written off Loan as Per Contra-611 Dr
Written off Loan as Per Contra-1211 Cr
[NBA এর সমপরিমাণ টাকা রিভার্স করতে হবে]

৫. **Non-Banking Asset বিক্রয়**

৫.১ সম্পদের বিক্রয় মূল্য সংশ্লিষ্ট NBA এর বহি মূল্য অপেক্ষা বেশি বা সমান হলে Non-Banking Asset-এর বিক্রয়লব্ধ অর্থ দ্বারা এরূপ হিসাব সমন্বয় করতে হবে। সম্পদের বিক্রয় মূল্য বহি মূল্য অপেক্ষা বেশি হলে উক্ত অতিরিক্ত অর্থ আয় হিসেবে বিবেচনাকরত সরাসরি Retained Earnings(13A) হিসাবে স্থানান্তর করতে হবে। একইভাবে বিক্রীত Non-Banking Asset-এর বিপরীতে কোন Interest Suspense against NBA(55) বা Specific Provision against NBA(44/8) থাকলে তাও সরাসরি Retained Earnings(13A) হিসাবে স্থানান্তর করতে হবে। কোনভাবেই উল্লিখিত অর্থ চলতি বছরের আয়খাতে স্থানান্তর করা যাবে না। হিসাবায়ন হবে নিম্নরূপঃ

1. Cash	Dr	
Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2)	Cr	
Retained Earnings-13A	Cr	[NBA এর বহি মূল্যের অতিরিক্ত অর্থ]
[Retained Earnings এ স্থানান্তরের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ এ্যাডভাইস প্রেরণ করতে হবে]		
2. Interest Suspense against NBA-55	Dr	
Retained Earnings-13A	Cr	[কেগহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]
[Retained Earnings এ স্থানান্তরের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ এ্যাডভাইস প্রেরণ করতে হবে]		
3. Specific Provision Against NBA-44/8	Dr	[কেগহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]
Retained Earnings-13A	Cr	[কেগহিঃবিঃ-১ এর ব্যবহারের জন্য]
[Retained Earnings এ স্থানান্তরের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ পত্র প্রেরণ করতে হবে]		

৫.২ সম্পদের বিক্রয় মূল্য সংশ্লিষ্ট NBA এর বহি মূল্য অপেক্ষা কম হলে Non-Banking Asset-এর বিক্রয়লব্ধ অর্থ দ্বারা Non-Banking Asset হিসাব সমন্বয় করতে হবে। এক্ষেত্রে সম্পদের বহি মূল্য এবং বিক্রয় মূল্যের পার্থক্য তথা বিক্রয়জনিত ক্ষতি একই সম্পদের বিপরীতে সংরক্ষিত Interest Suspense against NBA(55) ও Specific Provision against NBA(44/8) (যদি থাকে) হিসাবে সংরক্ষিত অর্থ দ্বারা সমন্বয় করতে হবে। সম্পদের বিপরীতে সংরক্ষিত Interest Suspense against NBA(55) ও Specific Provision against NBA(44/8) দ্বারাও যদি এরূপ ক্ষতি সম্পূর্ণরূপে সমন্বয় করা সম্ভব না হয় তাহলে Loss on Sale of NBA(133/66) হিসাব ডেবিট করার মাধ্যমে সমন্বয় করতে হবে এবং উক্ত ক্ষতিকে চলতি হিসাব বছরের লাভ-লোকসান হিসাবে প্রদর্শন করতে হবে। ক্ষতি সমন্বয়ের পরও সংশ্লিষ্ট সম্পদের Interest Suspense against NBA(55) বা Specific Provision against NBA(44/8)-এর কোনো ব্যালেন্স অবশিষ্ট থাকলে তা সরাসরি Retained Earnings(13A) খাতে স্থানান্তর করতে হবে।

1. Cash	Dr	
Interest Suspense against NBA -55	Dr	
Specific Provision against NBA- 44/8	Dr	[কেগহিঃবিঃ-১ বরাবর এ্যাডভাইস প্রেরণ করতে হবে]
Loss on Sale of NBA- 133/66	Dr	[মোট ডেবিট এবং ক্রেডিট এর পার্থক্য(যদি থাকে)]
Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2)	Cr	
2. ক্ষতি সমন্বয়ের পরও সংশ্লিষ্ট সম্পদের Interest Suspense against NBA(55) বা Specific Provision against NBA(44/8) এর কোনো ব্যালেন্স অবশিষ্ট থাকলে তা ৫.১ এর ২ ও ৩ এর ন্যায় সরাসরি Retained Earnings(13A) খাতে স্থানান্তর করতে হবে।		

৬. **Non-Banking Asset নিজস্ব ব্যাংকিং কার্যক্রমে ব্যবহার**

Non-Banking Asset-এর কোন অংশ (সম্পদ) নিজস্ব ব্যাংকিং কার্যক্রমে ব্যবহার করার ক্ষেত্রে ব্যবহারের কারণ ও যৌক্তিকতা উল্লেখপূর্বক পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে উক্ত সম্পদ Non-Banking Asset হতে ব্যাংকের স্থায়ী সম্পদ হিসেবে স্থানান্তর করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট Non-Banking Asset এর বিপরীতে কোন Interest Suspense against NBA(55) বা Specific Provision against NBA(44/8) থাকলে তা সরাসরি Retained Earnings(13A) হিসাবে স্থানান্তর করতে হবে এবং কোনভাবেই উল্লিখিত অর্থ চলতি বছরের আয়খাতে স্থানান্তর করা যাবে না। এক্ষেত্রে সম্পদের বাজার মূল্য নিরূপণপূর্বক সম্পদের বহি মূল্য অপেক্ষা বাজার মূল্য কম হলে ৫.২ এর ন্যায় কার্যক্রম সম্পাদন করতে হবে এবং সম্পদের বহি মূল্য অপেক্ষা বাজার মূল্য বেশি হলে অতিরিক্ত মূল্য Revaluation Reserve for Asset(419) খাতে স্থানান্তর করতে হবে।

৬.১ সংশ্লিষ্ট Non-Banking Asset খাতের স্থিতি/বহি মূল্য অপেক্ষা বর্তমান বাজার মূল্য বেশি হলেঃ

Fixed Asset	Dr	[বর্তমান বাজার মূল্য]
Non-Banking Asset (Land-136/1 and/or Building-136/2)	Cr	
Asset Revaluation Reserve- 419	Cr	[বহি মূল্যের অতিরিক্ত অর্থ]
[Asset Revaluation Reserve(419) এ স্থানান্তরের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ এ্যাডভাইস প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট Non-Banking Asset-এর বিপরীতে কোন Interest Suspense against NBA(55) বা Specific Provision against NBA(44/8) অবশিষ্ট থাকলে তা পূর্বের ন্যায় Retained Earnings(13A) খাতে স্থানান্তর করতে হবে]		

৬.২ সংশ্লিষ্ট Non-Banking Asset খাতের স্থিতি/বহি মূল্য অপেক্ষা বর্তমান বাজার মূল্য কম হলে ৫.২ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

৭. সংশ্লিষ্ট হিসাব খাতসমূহ

Non-Banking Asset (NBA) এর হিসাবায়নের সাথে সংশ্লিষ্ট হিসাব খাতসমূহ নিম্নে তুলে ধরা হলো যা প্রযোজ্যতা অনুযায়ী ব্যবহৃত হবেঃ

শাখায় রক্ষিত হিসাব খাতসমূহঃ

- Cash
- Loan Account
- Non-Banking Asset-Land (136/1)
- Non-Banking Asset-Building (136/2)
- Interest Suspense Account (52)
- Interest Suspense against Non-Banking Asset (55)
- Written off Loan as Per Contra (1211)
- Written off Loan as Per Contra (611)
- Loss on Sale of Non-Banking Asset (133/66)
- Fixed Asset

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ রক্ষিত হিসাব খাতসমূহঃ

- Specific Provision for CL (44/1)
- Specific Provision against Non-Banking Asset (44/8)
- Retained Earnings (13A)
- Asset Revaluation Reserve (419)

শাখায় Non-Banking Asset হিসাবায়ন প্রক্রিয়ায় প্রধান কার্যালয় সংশ্লিষ্ট হিসাবসমূহে হিসাবায়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) বরাবর সংযুক্তিসহ চিঠি অথবা/এবং এ্যাডভাইস প্রেরণ করতে হবে। কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নাম ও হিসাব নম্বরসহ হিসাবায়নের অন্তর্ভুক্ত করবে।


৮. Non-Banking Asset এর হিসাবায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২০.০৯.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং- ২২ এবং উক্ত সার্কুলারে সংযুক্ত উদাহরণসমূহ অনুসরণীয়।

৯. এতদবিষয়ে বিভাগের কর্মকর্তা জনাব মোঃ রাশেদ করিম (মোবঃ ০১৬৮০০৯০৬৪৭) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১০. বিষয়টি অনতিবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০২২-২৩/৪৩৯(১২৫০)

তারিখঃ ০৫.১২.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের Web Site এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি।
- ৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি।
- ৯। নথি/মহানথি।


(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক